কুষ্টিয়ায় অটোরিকশার ধাক্কায় শিশুর মৃত্যু

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থানা এলাকায় অটোরিকশার ধাক্কায় ৯ বছরের শিশু নিহত হয়েছে।

শনিবার (৫ এপ্রিল) দুপুরে ইবি থানার ঝাউদিয়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শিশু আমির হামজা (৯) ঝাউদিয়া গ্রামের সবুজ আলীর ছেলে।

নিহতের স্বজন ও পুলিশ সূত্রে জানা যায়, আজ দুপুরে আমির হামজা দৌঁড়ে রাস্তা পারাপার হওয়ার সময় একটি অটোরিকশা ধাক্কা দেয়। পরে স্বজনরা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যায়।

ঝাউদিয়া ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) লিটন আলী বলেন, অটোরিকশার ধাক্কায় একটি ৯ বছরের একটি শিশুর মৃত্যু হয়েছে। কোনো অভিযোগ না থাকাই মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

বাংলাদেশে রাজনৈতিক সংস্কারের দরকার আছে : নুসরাত তাবাসসুম

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক নুসরাত তাবাসসুম বলেছেন, প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস বহির্বিশ্বের যে সম্মান বাংলাদেশের জন্য এনে দিচ্ছেন এবং দেশের সংস্কারে যেসব গুরুত্বপূর্ণ সংস্কার কাজ করে যাচ্ছেন, একটি রাজনৈতিক দলের অতিসাধারণ একটি অংশ হিসেবে আমি বিশ্বাস করি, এসমস্ত সংস্কারের দরকার আছে বাংলাদেশের।

গতকাল শুক্রবার বিকেলে কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা সদরপুর উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে মিরপুর ও ভেড়ামারা উপজেলার জুলাই যোদ্ধাদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন নুসরাত তাবাসসুম।

তিনি বলেন, যারা রক্ত দিয়ে শরীরের ব্যথা দিয়ে আমাদেরকে যে স্বাধীনতার সুখ এনে দিয়েছে তার কাছে এই সামান্য সম্মাননা কোনো মূল্যই রাখতে পারে না। আমরা তাদেরকে এমন একটি বাংলাদেশ উপহার দেব, যে বাংলাদেশে তারা অনেক ভালোবাসা পাবে, দোয়া পাবে। তবেই তাদের প্রতিদান দেওয়া সম্ভব হবে।

এ সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করে জাতীয় নাগরিক কমিটি মিরপুর উপজেলা শাখা এবং স্থানীয় পাঠাগার ‘পাঠক সমাদর’।

জাতীয় নাগরিক কমিটির জেলা প্রতিনিধি কমিটির সদস্য মো. মিজানুর রহমানের সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন এনসিপির যুগ্ম সদস্যসচিব মোল্লা মোহাম্মদ ফারুক এহসান, শহীদ আবরার ফাহাদের বাবা মো. বরকত উল্লাহ, জাতীয় নাগরিক কমিটির মিরপুর উপজেলা প্রতিনিধি কমিটির সদস্য শামসুল আরেফিন স্ট্যালিন ও পাঠক সমাদরের সহ-প্রতিষ্ঠাতা ইয়াসির আরাফাত, জুলাই যোদ্ধা আবু সাঈদ, এস এম শফিউল ইসলাম, শাহিনুল ইসলাম ও নাহিদ হোসেন প্রমুখ।

জাতীয় নাগরিক কমিটির কুষ্টিয়া জেলা প্রতিনিধি কমিটির সদস্য রায়ান হাসান, মিরপুর উপজেলা কমিটির প্রতিনিধি সদস্য শাহীন পারভেজ, পাঠক সমাদরের সহ-প্রতিষ্ঠাতা মনিরুল ইসলাম ও নাজমুল খান জনি এবং এস এম আকাশসহ শতাধিক লোকজন গতকালের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

আবরার ফাহাদের কবর জিয়ারত করলেন উপদেষ্টা আসিফ

বুয়েটের মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদের কবর জিয়ারত করেছেন অন্তর্বর্তীকালীন সরকারের যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

বৃহস্পতিবার (৬ মার্চ) বেলা ১১টা ৫ মিনিটে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের তিন নম্বর ওয়ার্ডের রায়ডাঙ্গা গ্রামের গোরস্থানে তিনি আবরার ফাহাদের কবর জিয়ারত করেন। পরে তিনি আবরারের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন।

এরপর আবরার ফাহাদ জামে মসজিদের সম্প্রসারণ কাজের ফলক উন্মোচন করেন।

বাংলাদেশ ও ভারতের মধ্যে অসম চুক্তি এবং পানি আগ্রাসন নিয়ে ফেসবুকে স্ট্যাটাসের জেরে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শেরে বাংলা হলের আবাসিক ছাত্র ও তড়িৎ কৌশল বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আবরারকে ২০১৯ সালের ৬ অক্টোবর রাতে ছাত্রলীগের এক নেতার কক্ষে নিয়ে নৃশংস কায়দায় পিটিয়ে হত্যা করে সংগঠনটির ক্যাডাররা। পরে রাত ৩টার দিকে শেরেবাংলা হলের সিঁড়ি থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ।

এ ঘটনায় দায়ের হয় হত্যা মামলা। ওই মামলায় সব মিলিয়ে ২৫ জনকে অভিযুক্ত করে ২০১৯ সালের ১৩ নভেম্বর অভিযোগপত্র (চার্জশিট) দেয় ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। এরপর ২০২০ সালের ১৫ সেপ্টেম্বর মামলায় অভিযোগ গঠন করা হয়। এর মধ্যে ২০ জনের মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া পাঁচজনের যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে।

এদিকে দুপুরে কুষ্টিয়া শহরের কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের পাশে অবস্থিত আবরার ফাহাদ স্টেডিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। তারপর কুষ্টিয়া জেলার বিভিন্ন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা করবেন উপদেষ্টা আসিফ মাহমুদ।

কুষ্টিয়ার কুমারখালিতে নিখোঁজ শিশুর লাশ উদ্ধার

কুষ্টিয়ার কুমারখালীতে বালুভর্তি বস্তা দিয়ে চাপা দেওয়া অবস্থায় মো. শিহাব (১০) নামে এক শিশুর মরদেহ উদ্ধার করা হয়েছে।

সোমবার সকালে উপজেলার চরসাদিপুর ইউনিয়নের চর ঘোষপুর এলাকা থেকে এ মরদেহ উদ্ধার করা হয়।

নিহত মো. শিহাব ঘোষপুরের রতন শেখের ছেলে। বাবা নিরুদ্দেশ হওয়ার

পর সে মা তাসলিমা খাতুনের সঙ্গে সরকারি আবাসন প্রকল্পের গুচ্ছগ্রামে থাকত। সে গত বৃহস্পতিবার সন্ধ্যায় বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ হয়।

শিহাবের মা তাসলিমা খাতুন জানান, পাশেই তাঁর বাবার বাড়ি। বেশির ভাগ সময় সেখানেই থাকত শিহাব। সে দিন বাড়ি থেকে বের হওয়ার পর তাঁরা ভেবেছিলেন ছেলেটি খালা কিংবা ফুপুর বাড়িতে গেছে। কিন্তু একদিন পার হয়ে গেলেও না ফিরলে সব জায়গায় খুঁজেও তাকে পাওয়া যায়নি।

বিলাপ করতে করতে তাসলিমা বলেন, ‘ওর বাপ আমাদের ছেড়ে নিরুদ্দেশ হওয়ার পর অনেক কষ্টে ছেলেকে নিয়ে গুচ্ছগ্রামে বাস করি। স্থানীয় একটি ইটভাটায় রান্না করে যা পাই তাই দিয়ে কোনোরকম সংসার চলে। এখন আমি কাকে নিয়ে থাকব।’

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সোলাইমান শেখ এ তথ্য নিশ্চিত করে বলেন, মাঠে স্তূপ করা বালুর বস্তার নিচে চাপা দেওয়া অবস্থায় তার মরদেহ দেখতে পায় স্থানীয় বাসিন্দারা। পরে খবর পেয়ে পুলিশ তা উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠায়। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

কুষ্টিয়ায় ইউএনওর বিরুদ্ধে ঝাড়ু মিছিল

কুষ্টিয়ার মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বিবি করিমুন্নেছার দ্রুত ক্ষমতা হস্তান্তরের দাবিতে ঝাড়ু মিছিল ও বিক্ষোভ সমাবেশ করেছে স্থানীয় এলাকাবাসী।

বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) সকাল ১১টায় মিরপুর উপজেলা শহরের ঈগল চত্বরে এ কর্মসূচি পালন করা হয়। এতে সমাবেশে ইউএনওর বিরুদ্ধে উপজেলা প্রশাসনের কাজে উদাসীনতা ও আওয়ামী লীগর পুনর্বাসন করার মতো বিভিন্ন অভিযোগ তোলা হয়।

এ ছাড়া দ্রুত দায়িত্ব হস্তান্তর না করলে রোববার (২ মার্চ) ইউএনওকে নিজ কার্যালয়ে তালাবদ্ধ করে রাখা হবে বলেও ঘোষণা দেওয়া হয়।

সমাবেশে বক্তারা বলেন, ইউএনও বিবি করিমুন্নেছা মিরপুরে যোগদানের পর থেকে ক্ষমতার অপব্যবহার করে আসছেন। সম্প্রতি আওয়ামী লীগের পদধারীদের নিয়ে উপজেলা পরিষদ চত্বরে আইনশৃঙ্খলা মিটিং করেছেন। তিনি আওয়ামী লীগকে পুনর্বাসন করার চেষ্টা করছেন। তাকে মিরপুর থেকে বদলি করা হয়েছে। তবুও এখন পর্যন্ত ক্ষমতা হস্তান্তর করেনি। বক্তারা এ বিষয়ে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন।

উল্লেখ্য, বুধবার (১৯ ফেব্রুয়ারি) জণপ্রশাসন মন্ত্রণালয় মাঠ প্রশাসন-২ শাখার উপসচিব আমিনুল ইসলাম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বিবি করিমুন্নেছাকে পদায়নের মাধ্যমে বদলি করা হয়ে। তাকে চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের অধীনে ন্যাস্ত করা হয়। সেখানে তিনি নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করবেন।

এর আগে ইউএনও বিবি করিমুন্নেছার বিরুদ্ধে উপজেলা পরিষদের দুটি প্রবেশদ্বার বন্ধ রাখা, উপজেলা সাব রেজিস্ট্রার অফিসের সীমানা প্রাচীর নির্মাণ কাজ বন্ধ ও আওয়ামী লীগ পদধারী চেয়ারম্যানদের নিয়ে আইনশৃঙ্খলা সভা করায় অভিযোগ ওঠে।

তবে এমন অভিযোগ অস্বীকার করেছেন ইউএনও বিবি করিমুন্নেছা। তিনি জানান, আমি সব সময় নিষ্ঠা ও সততার সঙ্গে দায়িত্ব পালন করার চেষ্টা করেছি। কোনো অনৈতিক কাজকে সমর্থন করিনি, কাউকে সুবিধাও দেয়নি। এতে কেউ কেউ ক্ষুব্ধ হতে পারেন। তাতে আমার কোনো যায় আসে না। প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে উপজেলাবাসীর কল্যাণে কাজ করার চেষ্টা করেছি।

কুষ্টিয়ায় পুলিশ সদস্যের

ঝুলন্ত মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার মিরপুরে নিজ বাড়ি থেকে রকিবুল ইসলাম (২৫) নামে একজন পুলিশ সদস্যের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (২৬ ফেব্রুয়ারি) সকালে মিরপুর উপজেলার সদরপুর ইউনিয়নের কাতলামারী এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত রকিবুল ইসলাম এলাকার সামসুল ইসলামের ছেলে। তিনি পুলিশের কনস্টেবল পদে ঝিনাইদহ পুলিশ লাইনে কর্মরত ছিলেন এবং ৫২তম পুলিশ কনস্টেবল ব্যাচের সদস্য।

মিরপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোমিনুল ইসলাম জানান, পুলিশ সদস্য রকিবুল ইসলাম ছুটিতে বাড়িতে আসেন। বুধবার সকালে ঘুম থেকে উঠে ফ্রেস হন। পরে আবার রুমে প্রবেশ করে ভেতর থেকে আটকে দিয়ে গলাই রশি পেঁচিয়ে আত্মহত্যা করেন।
প্রাথমিকভাবে জানা যায়, পারিবারিক কলহের জেরে রকিবুলের স্ত্রী বাবার বাড়িতে রয়েছেন।

সেই সাথে আর্থিক ঋণের কারণে মানসিকভাবে ভেঙে পড়ে তিনি এমন ঘটনা ঘটাতে পারেন বলে ধারণা করা হচ্ছে। পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণের কাজ করছে।

কুষ্টিয়ায় কবর থেকে কঙ্কাল চুরি

কুষ্টিয়ার কুমারখালীতে কবর থেকে দুটি কঙ্কাল চুরির ঘটনা ঘটেছে। গতকাল সোমবার রাতে চাপড়া ইউনিয়নের পাহাড়পুর-নূরপুর কবরস্থান থেকে দুইটি কঙ্কাল চুরি হয়েছে। কঙ্কাল চুরির এমন খবরে এলাকাজুড়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

যাদের কঙ্কাল চুরি হয়েছে তারা হলেন, উপজেলার চাপড়া ইউনিয়নের পশ্চিম নগর সাঁওতা গ্রামের মৃত আব্দুস সাত্তারের স্ত্রী ছারা খাতুন (৮৫) ও তারই নাতি রাতুল (১৪)।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় দুই বছর আগে বার্ধক্যজনিত কারণে মারা যান উপজেলার চাপড়া ইউনিয়নের পশ্চিম নগর সাঁওতা গ্রামের মৃত আব্দুস সাত্তার স্ত্রী ছারা খাতুন। মাসখানেক পরে মারা যায় তার নাতি রাতুল। সে মনির উজ জামানের ছেলে। রাতুল জন্মগত শারীরিক প্রতিবন্ধী ছিল। তাদের দুজনের মরদেহ পাশাপাশি দাফন করা হয়েছিল।

স্বজন রইসুল বিশ্বাস বলেন, আজ মঙ্গলবার ফজরের নামাজ শেষে মায়ের কবর জিয়ারত করে এসে দেখি মা ও ভাতিজার কবরে গর্ত। ভিতরে কিছুই নেই। তাদের কঙ্কাল চুরি হয়েছে। বিষয়টি পুলিশে খবর দিলে তারা এসে তদন্ত করছে। এই চুরির সঙ্গে যারা জড়িত তাদের কঠোর বিচার চাই।

এলাকাবাসী মোতাহার উজ জামান বলেন, কবরস্থান থেকে দুইটি লাশের কঙ্কাল চুরির ঘটনা আমাদের এলাকায় এই প্রথম। এলাকাজুড়ে আতঙ্ক সৃষ্টি হয়েছে। এতে ভয়ে আছে এই কবরস্থানে দাফন হওয়া অন্য লাশের স্বজনরাও। কবরস্থান এলাকায় নিরাপত্তা বাড়ানোর দাবি জানান তিনি।

কুমারখালী থানার অফিসার ইনচার্জ (ওসি) সোলায়মান শেখ বলেন, কঙ্কাল চুরির সংবাদ পেয়ে থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে কঙ্কাল চুরির ঘটনা ঘটেছে। এছাড়াও ঘটনাস্থল থেকে দুই টুকরো হাড় ও কিছু সরঞ্জামাদি জব্দ করা হয়েছে। তবে এ ঘটনায় কেউ থানায় অভিযোগ দেননি। তবুও পুলিশ ঘটনাটি খতিয়ে দেখছে।

কুষ্টিয়ার মিরপুরে ট্রলির ধাক্কায় শিশু নিহত

কুষ্টিয়ার মিরপুরে মাটি বোঝাইকৃত একটি শ্যালো ইঞ্জিন চালিত স্টিয়ারিং ট্রলির ধাক্কায় আরিয়ান (৪) নামের এক শিশু নিহত হয়েছে।

বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার ছাতিয়ান ইউনিয়নের কালিতলায় এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় ঘাতক ট্রলি চালক পালিয়ে গেলেও জনতা ঘাতক স্টিয়ারিং ট্রলিটিকে আটক করে।

নিহত আরিয়ান ছাতিয়ান কালিতলার আরিফ জোয়ার্দ্দারের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম জানান, বাড়ীর পাশে সড়ক দিয়ে রাস্তা পার হওয়ার সময় মাটি বোঝাইকৃত শ্যালো ইঞ্জিন চালিত স্টিয়ারিং ট্রলির ধাক্কা লেগে রাস্তায় ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যায়।

জলাশয়ের ইজারা যেন মৎস্যজীবী ছাড়া কেউ না পায়: ফরিদা আখতার

জলাশয়ের ইজারা যেন মৎস্যজীবী ছাড়া কেউ না পায়, সেদিকে খেয়াল রাখতে হবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার।

তিনি বলেন, “জলাশয়ের ইজারা যেন শুধুমাত্র মৎস্যজীবীরাই পান, সেটি পর্যালোচনার মধ্যে রয়েছে। এ বিষয়ে সম্প্রতি ভূমি ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে।”

এ সময় তিনি মুনাফার আশায় মাছ ও গবাদিপশুকে অস্বাস্থ্যকর খাবার ও ওষুধ ব্যবহার না করার আহ্বান জানান।

বুধবার (১৯ ফেব্রুয়ারি) সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন

কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ খামারিদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

ফরিদা আখতার আরও বলেন, “দখল ও দূষণের কারণে সারাদেশে হাওর-বাওড়সহ অন্যান্য জলাশয় নষ্ট হয়ে যাচ্ছে। এতে মৎস্য উৎপাদন হ্রাস পাচ্ছে এবং মৎস্যজীবীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন।”

তিনি আরও বলেন, “মানুষের যেমন নিরাপদ খাদ্যের প্রয়োজন, তেমনই পশুখাদ্যের নিরাপত্তাও জরুরি। এ বিষয়ে সংশ্লিষ্টদের কার্যকরী ভূমিকা রাখতে হবে।”

মতবিনিময় সভায় কুষ্টিয়ার পুলিশ সুপার মিজানুর রহমান, কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোহা. আব্দুল ওয়াদুদসহ জেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন পর্যায়ের খামারি ও সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় বালু তোলার সময় অস্ত্রধারীদের গুলি, আহত ১

কুষ্টিয়ায় গড়াই নদীতে বালু তোলার সময় মুখোশধারী সন্ত্রাসীদের ছোড়া গুলিতে সবুজ আলী (৪২) নামে একজন গুলিবিদ্ধ হয়েছেন।

গতকাল মঙ্গলবার (১৮ ফেব্রুয়ারি) রাত ১১টার দিকে কুমারখালী উপজেলার কয়া ইউনিয়নের কয়া বালুর ঘাট এলাকায় এ ঘটনা ঘটেছে।

এ সময় তারা বালুর ঘাটের ক্যাশ কাউন্টার থেকে প্রায় দুই লাখ টাকা লুট করে নিয়ে যায়। এ ঘটনার একটা ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে কুমারখালী থানা পুলিশ ঘটনাস্থলে যায়। বর্তমানে সেখানখার পরিস্থিতি শান্ত রয়েছে।

গুলিবিদ্ধ সবুজ আলী ঢাকা মিনাপাড়া এলাকার শহীদুল বিশ্বাসের ছেলে। তিনি বালুর ঘাটের ম্যানেজার। ঘটনার পরে গুলিবিদ্ধ সবুজকে স্থানীয়রা উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। তিনি কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আহত সবুজ আলী বলেন, রাত আনুমানিক ১১টার দিকে প্রায় ৮ থেকে ১০ জন মুখোশধারী সন্ত্রাসী অস্ত্রসজ্জিত হয়ে বালুর ঘাটে আসে। তারা গুলি করতে করতে আসেন। এসময় আমার পায়ে অস্ত্র ঠেকিয়ে গুলি করে। ৩ থেকে ৪ জনের কাছে আগ্নেয়াস্ত্র ছিল। এ ঘটনায় জড়িতদের শাস্তি চাই।

এ বিষয়ে বালুর ঘাটের শ্রমিক ও প্রত্যক্ষদর্শী লালু আহমেদ বলেন, আমরা বালুর ঘাটে কাজ করছিলাম। এসময় রাত ১১টার দিকে চারপাশ থেকে ভারি ভারি অস্ত্রপাতি নিয়ে গুলিবর্ষণ করতে করতে আসে ৮ থেকে ১০ জন মুখোশধারী সন্ত্রাসী। সবুজকে ধরে তার পায়ে অস্ত্র ঠেকিয়ে গুলি করে। এসময় তারা প্রায় দুই লাখ টাকা লুটপাট করে নিয়ে গেছে। মুখোশধারী ৭ থেকে ৮ জনকে দেখেছি। তাদের মধ্যে তিনজনের হাতে আগ্নেয়াস্ত্র দেখেছি। সবাই মুখোশধারী। কাউকে চিনতে পারিনি। তারা কারা সেটা ধারণা করতে পারছি। তবে জড়িত সবার বিচার চাই।

৪ মিনিট ৪৯ সেকেন্ডের ওই ফুটেজে দেখা যায়, মুখোশধারী তিনজন আগ্নেয়াস্ত্র নিয়ে গুলিবর্ষণ করতে করতে দৌড়ে আসেন। এতে আতঙ্কিত হয়ে ট্রাকের চালক ও বালু ঘাটের শ্রমিকরা পালিয়ে যায়। সিসিটিভি ক্যামেরার ফুটেজে মুখোশধারী ৫ জনের হাতে আগ্নেয়াস্ত্র দেখা যায়। তারা গুলি করতে করতে আসেন এবং গুলি করতে করতে চলে যান।

বালু অপসারণের ইজারাদার রাকিব হোসেন বলেন, সন্ত্রাসীরা ম্যানেজারের পায়ে গুলি করে প্রায় দুই লাখ টাকা লুট করে নিয়ে গেছে। আমরা টেন্ডারের মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের বালি অপসারণ কাজ পেয়েছি। বৈধভাবে আমরা ব্যবসা করছি। বৈধভাবে বালু উত্তোলন করছি, বৈধভাবে ঘাটের টেন্ডার পেয়েছি। কিন্তু সেখানে কাজ করা এক শ্রমিককে ধরে নিয়ে গেছে মুখোশধারী সন্ত্রাসীরা। আমরা কাউকে চিনতে পারিনি। জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. আব্দুল্লাহ আল মামুন বলেন, একজন গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। তার অবস্থা আশঙ্কামুক্ত। তিনি হাসপাতালের ১০ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছেন।

এ বিষয়ে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলায়মান শেখ বলেন, বালুর ঘাটে মুখোশধারীদের গুলিতে একজন আহত হয়েছেন। তিনি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। জড়িতদের আইনের আওতায় আনতে কাজ করছে পুলিশ। সেখানকার পরিস্থিতি শান্ত স্বাভাবিক রয়েছে।